

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, ভোলা  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
[www.bhola.gov.bd](http://www.bhola.gov.bd)

### অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণের জন্য নির্ধারিত হয়েছে। এ লক্ষ্যে সম্ভাব্য প্রার্থীগণ আগামী ৩০ নভেম্বর, ২০২৩ বা এর পূর্বে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির (১)(খ),(২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করা যাবে। অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে;

(ক) নির্বাচনে প্রার্থীগণ বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ওয়েব সাইটে (<http://onss.ecs.gov.bd>) যেতে হবে।

(খ) ওয়ের পোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এরাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।


(গ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(ঘ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস-এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঙ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ইমেইলে প্রেরণ করবেন।

(চ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

অনলাইনে মনোনয়নপত্র দাখিলকারী প্রার্থীগণকে উল্লিখিত ধাপসমূহ অনুসরণ করে মনোনয়নপত্র দাখিলের অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন জটিলতা পরিলক্ষিত হলে জেলা নির্বাচন কর্মকর্তা, ভোলার সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

  
(আরিফুরজামান) ০৬/১১/২০২৩  
জেলা প্রশাসক, ভোলা

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
ফোন: ০২৪৭৮৮৯৪৪০০  
ই-মেইল: [dcbhola@mopa.gov.bd](mailto:dcbhola@mopa.gov.bd)


স্মারক নং- ০৫.১০.০৯০০.০০৫.৪০.০০১.২৩.

১২/১০

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৩। পুলিশ সুপার, ভোলা
- ০৪। জেলা নির্বাচন অফিসার, ভোলা
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা (তাদেরকে গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ০৬। জেলা তথ্য অফিসার, ভোলা (তাদেরকে গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ০৭। উপজেলা নির্বাচন অফিসার, ভোলা সদর, ভোলা (তাদেরকে গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ০৮। সভাপতি/সম্পাদক, প্রেসক্রাব, ভোলা
- ০৯। নোটিশ বোর্ড ..... কার্যালয়, ভোলা
- ১০। অফিস নথি



জেলা প্রশাসক, ভোলা

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন